দৈনিক
ইনকিলাব

তারিখ 11 JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ভর্তি ফি ও বেতন বাড়ানোর প্রতিবাদে আইডিয়াল স্কুলে বিক্ষোভ সমাবেশ

স্টাফ রিপোর্টার : কোন পূর্ব ঘোষণা ছাড়াই রাজধানীর আইডিয়াল স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের নতুন বছরের ভর্তি ফি বাড়ানো ও বেতন বৃদ্ধির প্রতিবাদে মতিঝিল স্কুলের প্রধান শাখার গেটে বিক্ষোভ-সমাবেশ করেছেন অভিভাবকরা।

গতকাল (শনিবার) বেলা ১২টায় আইডিয়াল স্কুল ও কলেজের অভিভাবক ওয়েলফেয়ার এসোসিয়েশনের পক্ষ থেকে এক সমাবেশে বক্তারা বর্তমান দুর্মূল্যের বাজারে হঠাৎ করে সেশন ফি বাড়ানোর তীব্র নিন্দা জানান। তারা বলেন, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র কিনে সংসার চালানো যখন কঠিন হয়ে পড়ছে, ঠিক তখন অবিবেচকের মতো সেশন ফি বাড়ানো একেবারেই অযৌক্তিক। এতে নিম্ন ও মধ্য আয়ের মানুষের কাছে সন্তানদের পড়ালেখা করানো অনেকটাই অসম্ভব হয়ে পড়বে বলে আশঙ্কা করছেন তারা। সমাবেশের পর মিছিল সহকারে অভিভাবকরা স্কুল কর্তৃপক্ষকে স্মারকলিপি দিতে গেলে প্রথমে স্কুলের গেট বন্ধ করে দেয়া হয় এবং পরে পুলিশ এসে অভিভাবকদের সরিয়ে দিতে চেষ্টা করে। গেট বন্ধ করার প্রতিবাদ করলে প্রায় এক ঘণ্টা পর স্কুলের সহকারী প্রধান শিক্ষক আবু জাফর স্কুলের পক্ষে অভিভাবকদের কাছ থেকে স্মারকলিপিটি গ্রহণ করেন। এ সময় স্কুল কর্তৃপক্ষের পক্ষ থেকে জানিয়ে দেয়া হয়, আগামী ১২ জানুয়ারীর আগেই এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। উল্লেখ, ১২ জানুয়ারী বেতন ও সেশন ফি জমা দেয়ার শেষ তারিখ। গত বছর এই সেশন ফি ছিলো ৩ হাজার ২শ' টাকা। এবার তা বাড়িয়ে করা হয়েছে ৫ হাজার টাকা এবং গত বছর মাঝামাঝি সময় মাসিক বেতনও ৩শ' টাকা থেকে বাড়িয়ে করা হয়েছে ৪শ' টাকা।

বিক্ষোভ সমাবেশে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন এসোসিয়েশনের আহ্বায়ক আসরাফুজ্জামান খান, যুগ্ম আহ্বায়ক বাদশা মিয়া, সদস্য সচিব লুৎফর রহমান, আলাউদ্দিন মিয়া, মাহমুদ হাসান ও আনোয়ার হোসেন প্রমুখ।